



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিল্প মন্ত্রণালয়

বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক)

বিসিক জেলা কার্যালয়, ময়মনসিংহ।



Bangladesh Small & Cottage Industries Corporation (BSCIC)

Website: www.bscic.mymensingh.gov.bd . Tel: 091-66853

- 2 -

অথচ তাদের ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা কেন্দ্রীয়ভাবে ১০০% সম্পূর্ণ করা হয়েছে, যে সকল ব্যাংক সমূহের অবিতরণকৃত ঋণ প্রধান কার্যালয়ে স্থানান্তর করতে হবে। এ বিষয়টি পত্রের মাধ্যমে জেলা এসএমই ঋণ বিতরণ মনিটরিং কমিটিকে জানানোর অনুরোধ করেন।

আইএফআইসি ব্যাংকের প্রতিনিধি জানান, ১ কোটি ৫ লাখ টাকা বিতরণ করা হয়েছে এবং ৭.৫ লক্ষ টাকার ঋণ প্রস্তাব প্রধান কার্যালয়ে অনুমোদনের অপেক্ষায় আছে। অবিতরণকৃত টাকা নির্দিষ্ট সময়সীমার মধ্যে বিতরণ সম্পূর্ণ করা হবে।

ন্যাশনাল ব্যাংকের প্রতিনিধি জানান, ১ কোটি টাকার ঋণ প্রস্তাব প্রধান কার্যালয় কর্তৃক অনুমোদিত হয়েছে কিন্তু মর্টগেজ সমস্যার কারণে ঋণ বিতরণ করা সম্ভব হয়নি। অবিতরণকৃত টাকা নির্দিষ্ট সময়সীমার মধ্যে বিতরণ সম্পূর্ণ করার চেষ্টা করা হবে।

ফাস্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক, জনতা ব্যাংক, আল-আরাফাহ ইসলামি ব্যাংক ও পূবালী ব্যাংকের প্রতিনিধি জানান, অবিতরণকৃত টাকা নির্দিষ্ট সময়সীমার মধ্যে বিতরণ সম্পূর্ণ করার চেষ্টা করা হবে।

স্ট্যান্ডার্ড ব্যাংকের প্রতিনিধি জানান, ড্রেডিং খাতে তাদের বিতরণ লক্ষ্যমাত্রা কেন্দ্রীয়ভাবে সম্পূর্ণ হয়েছে। কিন্তু উৎপাদন খাতের সঠিক উদ্যোক্তা না পাওয়ায় সম্পূর্ণ ঋণ বিতরণ করা সম্ভব হয়নি।

মিউচুয়াল ট্রাস্ট ব্যাংকের প্রতিনিধি জানান, ৩০ লক্ষ টাকার ঋণ প্রস্তাব প্রধান কার্যালয়ে অনুমোদনের অপেক্ষায় আছে। অবিতরণকৃত টাকা নির্দিষ্ট সময়সীমার মধ্যে বিতরণ সম্পূর্ণ করা হবে।

মার্কেটাইল ব্যাংকের প্রতিনিধি জানান, তাদের কিছু ঋণ প্রস্তাব প্রধান কার্যালয়ে প্রক্রিয়াধীন আছে। অবিতরণকৃত টাকা নির্দিষ্ট সময়সীমার মধ্যে বিতরণ সম্পূর্ণ করা হবে।

অগ্রণী এসএমই ফাইন্যান্সিং কোম্পানী লিমিটেড এর প্রতিনিধি জানান, তাদের ১৩.৫ লক্ষ টাকা বিতরণ করা হয়েছে এবং ৫.৫ লক্ষ টাকার ঋণ প্রস্তাব প্রধান কার্যালয়ে অনুমোদনের অপেক্ষায় আছে।

এবি ব্যাংক লিমিটেড, বাংলাদেশ কমার্স ব্যাংক ও বাংলাদেশ কৃষি ব্যাংকের প্রতিনিধি নেটওয়ার্ক সমস্যার কারণে উক্ত সভায় অনুপস্থিত ছিলেন। পরবর্তীতে তাদের সাথে টেলিফোনে আলাপ হয়। এসময় তারা জানান, অবিতরণকৃত টাকা নির্দিষ্ট সময়সীমার মধ্যে বিতরণ সম্পূর্ণ করা হবে।

বিসিকের উপ-মহাব্যবস্থাপক জনাব উম্মে সালমা জানান, পিছিয়ে পড়া ১৯টি ব্যাংক/ আর্থিক প্রতিষ্ঠানসমূহ বরাবর করোনায় ক্ষতিগ্রস্ত উদ্যোক্তাদের ডাটাবেজের সফটকপি বিসিক জেলা কার্যালয়, ময়মনসিংহ কর্তৃক পুনরায় প্রেরণ করা হবে।

জেলা প্রশাসক মহোদয় ১৯টি ব্যাংকের ঋণ বিতরণ অগ্রগতি ১০০% এর নিচে হওয়ার বিষয়ে বাংলাদেশ ব্যাংকের প্রতিনিধির কাছে মতামত জানতে চান।

স্থানান্তর করতে হবে। এ বিষয়টি পত্রের মাধ্যমে জেলা এসএমই ঋণ বিতরণ মনিটরিং কমিটিকে জানাতে হবে।

০৪। ঋণ বিতরণে পিছিয়ে পড়া ১৯টি ব্যাংক/ আর্থিক প্রতিষ্ঠানসমূহ বরাবর করোনায় ক্ষতিগ্রস্ত উদ্যোক্তাদের ডাটাবেজের সফটকপি বিসিক জেলা কার্যালয়, ময়মনসিংহ কর্তৃক পুনরায় প্রেরণ করা হবে।

০৫। ন্যাশনাল ব্যাংক, ময়মনসিংহের বিরুদ্ধে অভিযোগের বিষয়ে মেসার্স এসবি অয়েল মিল কর্তৃক বাংলাদেশ ব্যাংক বরাবর পত্র প্রেরণ করা যেতে পারে।

০৬। যেসব নারী উদ্যোক্তা ব্যাংক থেকে ঋণ পাচ্ছে না, তাদের অভিযোগ সুনির্দিষ্টভাবে উল্লেখপূর্বক আগামী সভায় ময়মনসিংহ উইম্যান চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ কর্তৃক উপস্থাপন করা হবে।

০৭। প্রতি মাসের ০১ তারিখের মধ্যে ঋণ বিতরণের প্রতিবেদনের হার্ডকপি ও সফটকপি লীড ব্যাংক লি: (সোনালী ব্যাংক লি:) ও ময়মনসিংহ বিসিক কার্যালয়ে প্রেরণ করতে হবে।

[Handwritten signature]

[Handwritten signature]

[Handwritten signature]